



বিশ্ব টেলিযোগাযোগ ও তথ্য সংঘ দিবস-২০১৮ উপলক্ষে হ্যাকাথন ও অনলাইন রচনা প্রতিযোগিতা

আগামী ১৭ মে ২০১৮ খ্রি. তারিখ আন্তর্জাতিকভাবে “বিশ্ব টেলিযোগাযোগ ও তথ্য সংঘ দিবস-২০১৮” পালিত হবে। এ বছর দিবসটির প্রতিপাদ্য নির্ধারণ করা হয়েছে “Enabling the positive use of Artificial Intelligence for all”। এ উপলক্ষে জাতীয় পর্যায়ে বিভিন্ন অনুষ্ঠানমালার অংশ হিসেবে হ্যাকাথন ও অনলাইন রচনা প্রতিযোগিতার নিম্নরূপ আয়োজন করা হয়েছে।

প্রতিযোগিতার বিবরণ	প্রতিযোগীর বিবরণ	অনলাইন রেজিস্ট্রেশনের সর্বশেষ তারিখ
হ্যাকাথন (কম্পিউটার প্রোগ্রামিং) প্রতিযোগিতা স্থান : UITS বারিধারা ক্যাম্পাস তারিখ : ১০ মে ২০১৮ খ্রি. সকাল : ০৯:০০ ঘটিকা	সারা দেশের স্নাতক বা বিশ্ববিদ্যালয় বা সমপর্যায়ের শিক্ষার্থীগণ সরাসরি অংশ গ্রহণ করতে পারবে।	০১-০৮ মে ২০১৮ বিকাল ৫:০০ ঘটিকার মধ্যে www.bscccl.com এর Link Page-এ অনলাইনে রেজিস্ট্রেশন করতে হবে।
অনলাইন রচনা প্রতিযোগিতার বিষয়: Enabling the positive use of Artificial Intelligence for all. (সবার জন্য কৃত্রিম বুদ্ধিমত্তার ইতিবাচক ব্যবহারের সুযোগ সৃষ্টি) রচনা বাংলা বা ইংরেজিতে লেখা যাবে।	ক গ্রুপ : নবম-দ্বাদশ শ্রেণীর বা সমপর্যায়ের শিক্ষার্থীগণ (অনধিক ১০০০ শব্দ) খ গ্রুপ : স্নাতক বা বিশ্ববিদ্যালয় বা সমপর্যায়ের শিক্ষার্থীগণ (অনধিক ১৫০০ শব্দ)	০১-০৯ মে ২০১৮ খ্রি. সকাল ১০:০০ ঘটিকার মধ্যে www.bscccl.com এর ওয়েবসাইট এর নির্দিষ্ট Link Page-এ অনলাইনে গ্রুপের নাম উল্লেখ পূর্বক রচনার সফটকপি আপলোড করতে হবে।

হ্যাকাথন ও অনলাইন রচনা প্রতিযোগিতার বিস্তারিত নিয়মাবলী www.bscccl.com ওয়েবসাইট-এ পাওয়া যাবে। জমাকৃত রচনাবলী যথাপোযুক্ত পর্যালোচনা পূর্বক প্রতি গ্রুপে তিন জন করে (১ম, ২য় ও ৩য়) মোট ছয় জনকে এবং হ্যাকাথন প্রতিযোগিতায় সরাসরি অংশগ্রহণকারী বিজয়ী তিনটি গ্রুপকে (১ম, ২য় ও ৩য়) বিশ্ব টেলিযোগাযোগ ও তথ্য সংঘ দিবস-২০১৮ উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে পুরস্কৃত করা হবে।

ব্যবস্থাপনা পরিচালক
বাংলাদেশ সাবমেরিন ক্যাবল কোম্পানী লিমিটেড
ও
সভাপতি
হ্যাকাথন ও অনলাইন রচনা প্রতিযোগিতা উপ-কমিটি
ফোন- ৮৮৭৯১৯৫ (অফিস)
ফ্যাক্স- ৮৮৭৯১৯৩ (অফিস)
ই-মেইল- wtisd@bscccl.com